অবিলম্বে প্রকাশের জন্য: 10/23/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল NASCAR ভক্তদের স্বাগত জানানোর জন্য WATKINS GLEN STATE PARK-এর ক্যাম্পিং মৌসুম আগে শুরু করার ঘোষণা দিলেন

ভক্তদেরকে মা দিবসের উইকেন্ডের NASCAR কাপ সিরিজ রানের জন্য জনপ্রিয় ফিঙ্গার লেকস ক্যাম্পগ্রাউন্ডে আমন্ত্রণ জানানো হচ্ছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেটের (New York State) অফিস অফ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজার্ভেশন (Office of Parks, Recreation and Historic Preservation, OPRHP) ফিঙ্গার লেকসে (Finger Lakes) রেসের ভক্তদের স্বাগত জানাতে আগামী বসন্তকালে Watkins Glen State Park-এর ক্যাম্পিংয়ের মৌসুম আগে শুরু করবে। 2026 NASCAR কাপ সিরিজের (2026 NASCAR Cup Series) রেস মা দিবসের (Mother's Day) উইকেন্ডে হতে যাচ্ছে, যা এর গতানুগতিক আগস্টের তারিখ থেকে সরে এসেছে।

"নিউ ইয়র্কের বিখ্যাত Watkins Glen International রেসওয়েতে NASCAR-কে আবার স্বাগত জানানো স্টেট এবং অঞ্চলের জন্য অনেক অর্থপূর্ণ," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "প্রস্তুতি হিসেবে আমরা মা দিবসের উইকেন্ডের উৎসব উদযাপনের জন্য Watkins Glen State Park খুলে দিচ্ছি। বিখ্যাত রাস্তার কোর্সে তিনটি জাতীয় রেসের জন্য হাজার হাজার ভিজিটরদেরকে তাদের ইঞ্জিনের শব্দ করার জন্য এখানে পাওয়ার ব্যাপারে আমরা অনেক খুশি।"

রেসের টাইটেল হলো "গো বোলিং অ্যাট দ্য গ্লেন (Go Bowling at the Glen)" এবং এটি 10 মে, 2026, রবিবার, মা দিবসে অনুষ্ঠিত হওয়ার কথা আছে। ক্যালেন্ডারে এই বদল, যা গতানুগতিক আগস্টের তারিখের থেকে সময় বদল করেছে, তা রাস্তার কোর্স রেসগুলির জন্য আরো সমানভাবে
পুরো মৌসুমে ছড়িয়ে হওয়া সম্ভব করে। ইভেন্টে 8-10 মে তারিখে 2.45 মাইল সার্কিটে তিনটি জাতীয় সিরিজ থাকবে।

নিউ ইয়র্ক স্টেট পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজার্ভেশনের ভারপ্রাপ্ত কমিশনার Kathy Moser (ক্যাথি মোজার) বলেন, "NASCAR-এর রোলিং রোড ট্রিপ নিউ ইয়র্ক স্টেটে সময়ের আগে আসতে চলেছে এবং একে স্বাগত জানাতে সাহায্য করার জন্য জন্য

Watkins Glen State Park প্রস্তুত। এটি হবে Watkins Glen State Park-এর জন্য পর্যটন এবং ঘরের বাইরের বিনোদনের বড় একটি মৌসুমের শুরু। Watkins Glen রেসিং উইকেন্ডের সকল বিষয়ের পরিকল্পনা ও প্রস্তুতির জন্য ফিঙ্গার লেকস অঞ্চলে আমাদের দলকে ধন্যবাদ।"

Watkins Glen State Park এখন, 8-10 মে তারিখে তাদের দুইটি ক্যাম্পিং লুপ, আনুমানিক 100 ইলেকট্রিক সাইট খুলে দিবে। ক্যাম্পিং এরিয়ার বাকি অংশ স্বাভাবিকভাবে পরবর্তী উইকেন্ডে খুলে দেওয়া হবে। 27 অক্টোবর, সোমবার, সকাল 9টা থেকে রিজার্ভেশন রাখা শুরু করা যাবে। যা সাইট আছে তা দ্রুত ভোরে যাবে বলে আশা করা যাচ্ছে। ভিজিট করুন NYS পার্কস ওয়েবসাইটের Reserve America পেজটি অথবা টোল-ফ্রি 1-800-456-CAMP (1-800-456-2267) নম্বরে ফোন করুন।

Watkins Glen International-এর প্রেসিডেন্ট Dawn Burlew (ডন বার্লিউ) বলেন, "রেসের ভক্তরা দলে দলে ওয়াটকিন্স গ্লেন (Watkins Glen) এলাকায় শুধু আকর্ষণীয় ট্র্যাকের অ্যাকশনের জন্য না, বরং অঞ্চলের সৌন্দর্য এবং প্রাকৃতিক বিস্ময়ের জন্যও আসবেন। Watkins Glen State Park যে NASCAR রেস উইকেন্ডে, 8-10 মে তারিখে আসা ভক্তদের স্বাগত জানাতে সময়ের আগে তাদের 2026 মৌসুম শুরু করবে তার জন্য আমরা কৃতজ্ঞ। এটি ভক্তদের এবং রেসের দলগুলিকে তাদের ভিজিটর সময় ওয়াটকিন্স গ্লেনে দেখার মতো যা যা আছে তা সত্যিই উপভোগ করতে পারবেন।"

ওয়াটকিন্স গ্লেন এরিয়ার চেম্বার অফ কমার্সের (Chamber of Commerce) এক্সিকিউটিভ ডিরেক্টর Nigar Hale (নিগার হেল) বলেন, "Watkins Glen State Park-এর আমরা অনেক প্রশংসা করছি, কারণ এটি হলো NASCAR-এর সময়সূচী বদলে দেওয়ার ব্যাপারে স্টেট পার্কসের সাড়াদানে চেম্বারের বিশ্বাস এবং আস্থার দারুন একটি উদাহরণ। ক্যাম্প গ্রাউন্ডকে এই বসন্তকালের মুহূর্তে খুলে দিতে তাদের দ্রুত প্রস্তুতি এবং মনোযোগের জন্য, আমাদের NASCAR দর্শকদের কাছে যাতে আমাদের প্রাকৃতিক বিস্ময় ঘুরে দেখার সুযোগ থাকে তা নিশ্চিত করার গুরুত্ব বুঝতে পারার জন্য আমরা তাদের প্রশংসা করছি।"

NASCAR রেস উইকেন্ড আরেকবার NASCAR কাপ সিরিজ, NASCAR ও'রাইলি অটো পার্টস সিরিজ (NASCAR O'Reilly Auto Parts Series), এবং NASCAR ক্র্যাফটস ম্যান ট্রাক সিরিজ (NASCAR CRAFTSMAN Truck Series) আয়োজন করবে।

নিচে Watkins Glen International-এ 2026 NASCAR রেসগুলির তারিখ দেওয়া হলো:

- শুক্রবার, 8 মে - NASCAR ক্র্যাফটস ম্যান ট্রাক সিরিজ রেস
- শনিবার, 9 মে - NASCAR ও'রাইলি অটো পার্টস সিরিজ মিশন 200 অ্যাট দ্য গ্লেন
- রবিবার, 10 মে - NASCAR কাপ সিরিজ গো বোলিং অ্যাট দ্য গ্লেন

নিউ ইয়র্ক স্টেটের পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজার্ভেশন

নিউ ইয়র্ক স্টেটের অফিস অফ পার্কস, রিক্রিয়েশন অ্যান্ড হিস্টোরিক প্রিজার্ভেশন 250টির বেশি পার্ক, ঐতিহাসিক স্থান, বিনোদনমূলক ট্রেইল, গলফ কোর্স, বোট লঞ্চ ইত্যাদির তদারকি

করে এবং প্রতি বছর ৪৪ মিলিয়নের বেশি ভিজিটরকে স্বাগত জানায়। এর মধ্যে যেকোনো বিনোদনের স্থান সম্পর্কে আরো তথ্যের জন্য, parks.ny.gov ভিজিট করুন, বিনামূল্যে NY State Parks Explorer অ্যাপটি ডাউনলোড করুন বা 518.474.0456 নম্বরে ফোন করুন। Facebook, Instagram, X, LinkedIn, OPRHP ব্লগ বা OPRHP নিউজরুমের (Newsroom) মাধ্যমে আমাদের সাথে যোগাযোগ করুন।

###

আরো খবর www.governor.ny.gov-এ পাওয়া যাবে
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন